

## বোকা লোক

বিমল দেব

কাঁধে ঝোলা ছেঁড়া চটি

হেঁটে যাচ্ছেন শান্তি সেন

তাঁর চুলগুলি আকাশের দিকে

চোখ মেলে আছে। গায়ের ফতুয়াতে

কতরঙের তাপ্পি যেন ঠাট্টার মেজাজ

এই হচ্ছেন তেভাগা আন্দোলনের

অখ্যাত নেতা। কোথায় হেঁটে চলেছেন?

আমাদের স্কুলের ভূগোলের মাস্টারমশাই

সুধন্য হালদার ছাতা মাথায় পড়ন্ত বাজারে

একফালি কুমড়ো কিনে অন্যকিছুর কথা ভাবছেন

কী কিনবেন অন্যকিছু ক্রয় তাঁর কাছে বিমূর্ত ছবি

আমার মেজদা রেডিও সারাচ্ছেন বারান্দায়

নতুন রেডিও তাঁর কাছে রাতের অচেনা সমুদ্র

রেডিও সারাতে সারাতে সংসারের সংলাপ বলছেন

টুকরো টুকরো সেইসব কথাবার্তা ইথারে ভেসে যাচ্ছে

এইসব মানুষের কথা ভাবি হাঁটতে হাঁটতে

বহুতলবাড়ি পার্টিঅফিস শপিংমল পেরিয়ে যাই

সেইসব বোকালোকদের কথা ভাবি শীতের কাঁচামিঠে রোদ্দুরে

যাঁদের এখন আর দেখাই যায় না চালাক লোকদের ভীড়ে।

## ভ্রমণ বিষয়ক লেখা

শ্রীজাত

তোমার কাছে ছুটে আসার তাগিদ

পেছনে দূর ঝাউবনে হাওয়া

বিকেল, তাতে আকাশ দোষের ভাগী

বোর্ডপিনের প্রক্সি দেবে তারা

কিন্তু যে-ছুট চাদর ও মিহিনা

পায়ের ধুলো পায়েই লুটোপুটি

পিরানি মন থমকে আছে কিনা

সন্ধে হলো। এবার তবে উঠি?

থাকল পড়ে চাছের দোকান, কুপি

গল্প ভেঙে ভাগ বসাল কারা...

ছুটচাদরে মেলায় বহুরূপী

পেছনে দূর ঝাউবনে হাওয়ারা...